গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
(এনটিআরসিএ)

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর ‘নৈতিকতা কমিটি’র ১ম সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এনামুল কাদের খান<br>চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), এনটিআরসিএ, ঢাকা। |
| সভার তারিখ | ১৭ আগস্ট, ২০২২ |
| সভার সময় | বিকাল ৪.০০ ঘটিকা |
| স্থান | এনটিআরসিএ'র সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্য বিষয় অনুযায়ী সভা শুরু করার জন্য উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানান। ফোকাল পয়েন্ট পাওয়ার পয়েন্টের মাধ্যমে সভার আলোচ্য সূচি অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

সভায় আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | গৃহীত কর্মসূচির শিরোনাম | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা সম্পর্কিত আলোচনা। | সভায় উপ পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২২-২০২৩ অর্থবছরে ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন, ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা, ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন এবং ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডই ভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/ নথি বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) বিষয়ক কার্যক্রম প্রাতিষ্ঠানিক ব্যবস্থা কার্যক্রমে অন্তর্ভূক্ত রয়েছে।<br><br>কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। সে অনুযায়ী ১ম কোয়ার্টারে ১টি সভা আয়োজন করতে হবে। এনটিআরসিএ কার্যালয়ের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণের লক্ষ্যে মোটরযান, কম্পিউটার, অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও আসবাবপত্রের তালিকা প্রস্তুতকরণ এবং হালনাগাদকরণের নিমিত্ত কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি মেরামতযোগ্য ও নিলামযোগ্য মালামালের পরিসংখ্যান ছক আকারে অন্তর্ভুক্ত করে প্রতিবেদন দাখিল করবেন মর্মে উল্লেখ রয়েছে। মহিলাদের পৃথক ওয়াশরুমের ব্যবস্থা গ্রহণসহ যথাযথ রক্ষণাবেক্ষণ করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের কোয়ার্টারভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>(খ) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা ১ম কোয়ার্টারে আয়োজন করতে হবে।<br><br>(গ) প্রতি ত্রৈমাসিক এনটিআরসিএ কার্যালয় পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান নিশ্চিত করতে হবে।<br><br>(ঘ) এনটিআরসিএ কার্যালয়ে মহিলাদের পৃথক ওয়াশরুম স্থাপনের জন্য প্রশাসন ও অর্থ অনুবিভাগ থেকে সময় ভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। | প্রশাসন ও অর্থ অনুবিভাগ, এনটিআরসিএ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন সম্পর্কিত আলোচনা। | উপ পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন সম্পর্কিত কার্যক্রমে ২.১ ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ, ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ) এবং ২.৩ বাজেট বাস্তবায়ন বিষয়ক কার্যক্রম রয়েছে। এনটিআরসিএ'র কর্মকর্তা ও কর্মচারীদের চাহিদার ভিত্তিতে ২০২২-২৩ অর্থবছরের ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক লক্ষ্যমাত্রা অনুযায়ী বিগত ৩১.০৭.২০২২ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। উক্ত ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্য সম্পন্ন করা যেতে পারে। ক্রয় পরিকল্পনা অনুযায়ী শতভাগ ক্রয় কার্য সম্পাদনের কাজ অব্যাহত রাখতে হবে মর্মে সভায় সদস্যগণ মত প্রকাশ করেন। | ২০২২-২৩ অর্থবছরের ক্রয় পরিকল্পনা অনুযায়ী শতভাগ ক্রয় কার্যক্রম সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট শাখায় জাতীয় শুদ্ধাচার কৌশলের ফোকাল পয়েন্ট ইউও নোট প্রেরণ করবেন। | সচিব, এনটিআরসিএ ও সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা)। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম সম্পর্কিত আলোচনা। | উপ পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রমে ৩.১ সরকারি যানবাহনে যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ, ৩.২ স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে অনলাইনে শিক্ষক নিবন্ধন সনদ যাচাই-এর ফিডব্যাক প্রদান, ৩.৩ এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের কর্মদক্ষতা সরেজমিনে পরিদর্শন এবং ৩.৪ কর্মকর্তা ও কর্মচারিদের ডিজিটাল হাজিরা বিষয়ক কার্যক্রম রয়েছে। সরকারি যানবাহন যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে যানবাহন নীতিমালার আলোকে এনটিআরসিএ'র যানবাহনগুলোর জ্বালানী ও অন্যান্য বিষয়গুলোর সঠিকভাবে পরিচালনা হচ্ছে কিনা তা প্রতি মাসে যাচাই অন্তে প্রতিবেদন দেয়ার জন্য সহকারী পরিচালক (যানবাহন), এনটিআরসিএ-কে দায়িত্ব দেয়া যেতে পারে। এনটিআরসিএ কর্তৃক গৃহীত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রমের অংশ হিসেবে অনলাইনে শিক্ষক নিবন্ধন সনদ যাচাই-এর প্রতিবেদন নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম কোয়ার্টারে এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের কর্মদক্ষতা সরেজমিনে পরিদর্শন করা যেতে পারে। এনটিআরসিএ'র কর্মকর্তা ও কর্মচারিদের ডিজিটাল হাজিরা চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | (ক)এনটিআরসিএ'র যানবাহনগুলোর জ্বালানী ও অন্যান্য বিষয়গুলোর সঠিকভাবে পরিচালনা হচ্ছে কিনা তা প্রতি মাসে যাচাই অন্তে প্রতিবেদন দেয়ার জন্য সহকারী পরিচালক (যানবাহন), এনটিআরসিএ-কে দায়িত্ব প্রদান করতে হবে।<br><br>(খ) অনলাইনে শিক্ষক নিবন্ধন সনদ যাচাই-এর ফিডব্যাক প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>(গ) এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের কর্মদক্ষতা সরেজমিনে পরিদর্শন করতে হবে।<br><br>(ঘ)এনটিআরসিএ'র কর্মকর্তা ও কর্মচারিদের ডিজিটাল হাজিরা চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সচিব, এনটিআরসিএ ও ফোকাল পয়েন্ট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ এনামুল কাদের খান
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), এনটিআরসিএ,
ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৬১.০০১.২০.৬১৯

তারিখ: ৯ ভাদ্র ১৪২৯
২৪ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সদস্য (প্রশাসন ও অর্থ ), সদস্য (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
২) সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) , সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৩) সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) (অতিরিক্ত দায়িত্ব), সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৪) পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৫) উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৬) উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৭) উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৮) সহকারী পরিচালক (প্রশাসন), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৯) সহকারী পরিচালক (শিক্ষা তত্ত্ব ও শিক্ষা মান-১) , উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১০) সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-২), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১১) পি.এ টু চেয়ারম্যন , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

মোঃ ওবায়দুর রহমান
সচিব (উপসচিব)